

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৩০

আগরতলা, ২২ ডিসেম্বর, ২০২৩

আড়ালিয়ায় মঙ্গলকাব্য ও পুঁথি পাঁচালী পাঠ উৎসব

তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সদর মহকুমার আড়ালিয়ার প্রিয়লাল সাহা স্মৃতি মিলনায়তনে আজ মঙ্গলকাব্য ও পুঁথি পাঁচালী পাঠ উৎসব-২০২৩ অনুষ্ঠিত হয়। উৎসবের উদ্বোধন করে ত্রিপুরা বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ রেবতী মোহন দাস বলেন, লোকসংস্কৃতি হলো সমাজের ধারক ও বাহক। লোকসংস্কৃতি হারিয়ে ফেললে সমাজের এগিয়ে চলার গতিও থমকে যাবে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজসেবী চিত্তরঞ্জন দেব। উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, আগরতলা পুরনিগমের ২৭ নম্বর ওয়ার্ডের কর্পোরেটর সুভাষ ভৌমিক। স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক বিনয় মজুমদার। শিল্পীরা মঙ্গলকাব্য পাঠ ও পুঁথি পাঁচালী পাঠে অংশগ্রহণ করেন। অনুষ্ঠান শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়।
